

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৪৮২


তারিখঃ ০৩/১১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ দায়িত্বে অবহেলাসহ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত কর্মসূচি'র কর্মকর্তা/কর্মচারীদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্রঃ ইউ নোট নং ৪৭.৬২.০০০০.২০৬.০০.০০২.১৮-৯১৪৩ তারিখঃ ৩০/১০/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র মাঠ পর্যায়ে সকল কার্যক্রম তদারকিসহ কর্মরত কর্মকর্তা কর্মচারীদের সকল দাপ্তরিক শৃঙ্খলার বিষয়ে প্রাথমিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব স্থানীয় কর্তৃপক্ষের (জেলা ও উপজেলা কর্মকর্তা)। তদুপরি লক্ষ্য করা যাচ্ছে কর্মসূচি'র কোন কর্মকর্তা/কর্মচারী দায়িত্বে অবহেলাসহ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সত্ত্বেও নিয়ন্ত্রণকারী স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তার বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করায় কর্মসূচি'র সার্বিক শৃঙ্খলা বিনষ্ট হওয়ার উপক্রম হচ্ছে। বর্ণিত বিষয়টি বিআরডিবি'র প্রশাসন বিভাগের দৃষ্টিগোচর হওয়ায় কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে কর্মরত কর্মসূচি'র কোন কর্মকর্তা /কর্মচারী দায়িত্বে অবহেলাসহ অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে তার বিষয়ে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে তার অনুলিপি কর্মসূচি'র সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ হোসেন আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

উপপরিচালক

বিআরডিবি

জেলাঃ -----

(কর্মসূচিভূক্ত ১৫টি জেলা)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ----- জেলাঃ ----- ।
৫. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. যুগ্ম পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।